

## জাহাজ রফতানির মাধ্যমে ১,৫০০ কোটি টাকার বৈদেশিক মুদ্রা অর্জন

ঢাকা, রোববার 17 January 2016 ৪ মাঘ ১৪২২, ৬ রবিঃ সানি ১৪৩৭ হিজরী

চট্টগ্রাম অফিস : গতকাল শনিবার এসোসিয়েশন অব এক্সপোর্ট ওরিয়েন্টেড শীপবিল্ডিং ইন্ডাস্ট্রিজ অব বাংলাদেশ এবং স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম ফাইন্যান্স বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সাথে এক চুক্তি স্বাক্ষরিত হয়। এই চুক্তি স্বাক্ষরের মাধ্যমে অর্থ মন্ত্রণালয় বাংলাদেশের জাহাজ নির্মাণ সেক্টরের দক্ষতা সম্প্রসারণে ২৯.৪২ কোটি টাকা ব্যয় করবে। ৩ বছর মেয়াদি এই কর্মসূচির আওতায় এই শিল্পে কর্মরত এবং নবীন দশ হাজার জনকে বিভিন্ন ক্ষেত্রে দক্ষতা অর্জনের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করা হবে। উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অর্থ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জালাল আহমেদ এবং বিশেষ অতিথি ছিলেন অর্থ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আব্দুর রউফ চৌধুরী, এবং আরো উপস্থিত ছিলেন বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশনের সভাপতি সালাহউদ্দীন কাসেম খান। অনুষ্ঠানে চুক্তিপত্রে স্বাক্ষর প্রদান করেন “এসোসিয়েশন অব এক্সপোর্ট ওরিয়েন্টেড শীপবিল্ডিং ইন্ডাস্ট্রিজ অব বাংলাদেশ” এর পক্ষে সাধারণ সম্পাদক মোঃ সাখাওয়াত হোসেন এবং অর্থ মন্ত্রণালয়ের পক্ষে জালাল আহমেদ।

জানা গেছে, ‘স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম’ বাংলাদেশের বিভিন্ন সম্ভাবনাময় সেক্টরের দক্ষতা বৃদ্ধির জন্য এডিবির একটি প্রকল্প। এই প্রথমবারের মতো ‘স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম’ এসোসিয়েশন অব এক্সপোর্ট ওরিয়েন্টেড শীপবিল্ডিং ইন্ডাস্ট্রিজ অব বাংলাদেশ” এর মাধ্যমে জাহাজ নির্মাণ শিল্পের কারিগরি দক্ষতা বৃদ্ধির জন্য তহবিল প্রদান করলো।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি জালাল আহমেদ বলেন, এই প্রোগ্রামের মাধ্যমে জাহাজ রফতানি শিল্পের জনবল উন্নতমানের কারিগরি প্রশিক্ষণ লাভ করবে এবং শিল্পের উৎপাদনশীলতা বৃদ্ধি করবে।

“এসোসিয়েশন অব এক্সপোর্ট ওরিয়েন্টেড শীপবিল্ডিং ইন্ডাস্ট্রিজ অব বাংলাদেশ”-এর সাধারণ সম্পাদক মোঃ সাখাওয়াত হোসেন এই প্রোগ্রামের আওতায় প্রশিক্ষিত কর্মী বাহিনীর দক্ষতা বৃদ্ধির ফলে এই নির্মাণ শিল্প বিশ্ব বাজার থেকে আরও অর্ডার লাভে সমর্থ হবে মর্মে গভীর আশাবাদ ব্যক্ত করেন।

রফতানি ক্ষেত্রে এ দেশের জাহাজ নির্মাণ শিল্প সর্বাধিক গুরুত্বপূর্ণ এবং সম্ভাবনাময় বিবেচনায় বাংলাদেশ সরকার ইতোমধ্যে জাহাজ নির্মাণ শিল্পকে থার্ড সেক্টর হিসেবে ঘোষণা করেছেন এবং ইতোমধ্যে বাংলাদেশে জাহাজ নির্মাণ একটি দ্রুত বিকাশমান শিল্প হিসেবে প্রতিষ্ঠা লাভ করেছে। বিগত ৫ বছরে এ দেশ থেকে জার্মানী, ডেনমার্ক, ফিনল্যান্ড, ইকুয়েডর, নিউজিল্যান্ড, তানজানিয়া, উগান্ডা, মোজাম্বিক এবং পাকিস্তানে জাহাজ রফতানি করেছে। বর্তমানে কেনিয়া, গাম্বিয়া, সংযুক্ত আরব আমিরাত এবং ভারতের জন্য জাহাজ নির্মাণাধীন রয়েছে। অদ্যাবধি এই শিল্প জাহাজ রফতানির মাধ্যমে ১,৫০০ কোটি টাকার বৈদেশিক মুদ্রা অর্জন করেছে।

সম্পাদকঃ আবুল আসাদ

বাংলাদেশ পাবলিকেশন লিঃ- এর পক্ষে সম্পাদক কর্তৃক আল ফালাহ প্রিন্টিং প্রেস, ৪২৩, এলিফেন্ট রোড, বড় মগবাজার,  
ঢাকা-১২১৭ থেকে মুদ্রিত ও প্রকাশিত। পিএবিএক্সঃ +৮৮০২৯৩৪৬৪৮, +৮৮০২৯৩৫৮৮৬২, +৮৮০২৯৩৪৬৩৬২,  
+৮৮০২৮৩৫০০১৩, +৮৮০২৮৩১৮১২৮, +৮৮০২৮৩২১০৭৩ ফ্যাক্সঃ +৮৮০২৯৩৩৭১২৭, +৮৮০২৮৩৫০২৬৫,  
+৮৮০২৮৩১৫০৯৪।